

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ০২

তারিখঃ ফেব্রুয়ারী ০৬, ২০১২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বিলম্বিত মূল্য পরিশোধ ব্যবস্থায় আমদানির বিপরীতে ইউজেন্স সুদ হার প্রসংগে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন ২০০৯ (জিএফইটি), ভলিউম-১ এর ৭ নম্বর অধ্যায়ের ৩৩(এ) নম্বর অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বিলম্বিত মূল্য পরিশোধ ব্যবস্থায় আমদানি বাণিজ্যের অর্থায়নের বিপরীতে অনধিক লিবর হারে সংশ্লিষ্ট ইউজেন্স সময়ের জন্য সুদ, যদি থাকে, প্রদেয় হবে। প্রচলিত লিবর হার অত্যন্ত স্বল্প হওয়ায় আন্তর্জাতিক বাজার থেকে ব্যাংক ছাড়া অন্য গ্রাহকের ঋণ গ্রহণের সুদের হার অধিক। সাম্প্রতিককালে সরকারী খাতে আমদানি অর্থায়নের ইউজেন্স সুদ হারের গতি বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বেসরকারী খাতে বিলম্বিত মূল্য পরিশোধ শর্তে আমদানির ক্ষেত্রে সুদের হার লিবর এর ওপর মার্কাআপ যুক্ত করা যাবে। তবে সার্বিক সুদের হার বছরে ৬% এর অধিক হতে পারবেনা।

০২) উপরোক্ত সংশোধিত সুদের হার সরবরাহকারীর ঋণ ছাড়াও আমদানিকারকের অনুমোদিত ডিলার ব্যাংকের সহায়তায় বিদেশী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ক্রেতা ঋণ (বায়ার্স ক্রেডিট) এর জন্যও প্রযোজ্য হবে।

০৩) জিএফইটি'র উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫